৭৮

দৈনিক ইত্তেফাক

তারিখ 26 JAN 1995
পৃষ্ঠা ১ কলাম ৬

# স্থগিত ফলাফল প্রকাশে বিলম্বের হেতু কি?

সৈয়দ আখতার ইউসুফ ॥ অচিরেই দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মেডিকাল কলেজ, ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটিতে ভর্তি পরীক্ষা শুরু হইবে। কিন্তু এবারের ঢাকা বোর্ডে শতাধিক এইচএসসি পরীক্ষার্থীর ফলাফল এখনও স্থগিত রহিয়াছে। স্থগিত ফলাফলের ব্যাপারে বোর্ড কর্তৃপক্ষের দীর্ঘ নীরবতা ছাত্র-ছাত্রী শিক্ষক অভিভাবক মহলে নানা

(২য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## স্থগিত ফলাফল

(১ম পৃঃ পর)

প্রশ্ন দেখা দিয়াছে। তাহাদের প্রশ্ন: মন্ত্রী ও কর্মকর্তাদের পুত্র-কন্যার স্থগিত ফলাফলের ব্যাপারে দ্রুত সিদ্ধান্ত ঘোষণা সম্ভব হইলে অন্য সকল ক্ষেত্রে অনুরূপ সিদ্ধান্ত গ্রহণ না করার রহস্য কি?

নির্ভরযোগ্য সূত্রে জানা গিয়াছে যে, স্থগিত ফলাফল ঢাকা কলেজ, ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, বিজ্ঞান কলেজসহ কয়েকটি নামকরা কলেজের এমন কিছু সংখ্যক মেধাবী ছাত্র-ছাত্রী রহিয়াছে যাহাদের নাম মেধা তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার সম্ভাবনা রহিয়াছে। এমতাবস্থায় পূর্ব ঘোষিত মেধা তালিকা রদবদলের সম্ভাবনাও উড়াইয়া দেওয়া যায় না। এই পরিস্থিতিতে স্থগিত ফলাফল প্রকাশের বিষয়টি লইয়া বোর্ড কর্তৃপক্ষ এখন এক বিব্রতকর অবস্থায় পড়িয়াছে।

এ ব্যাপারে সংশ্লিষ্ট একজন উর্ধ্বতন কর্মকর্তা জানান: স্থগিত ফলাফল লইয়া তাহারা এক বিব্রতকর অবস্থায় রহিয়াছেন। তবে চলতি মাসেই স্থগিত ফলাফল ঘোষণা করার সাধ্যমত চেষ্টা চলিতেছে। প্রসঙ্গতঃ তিনি স্বীকার করেন যে, স্থগিত ফলাফলের মধ্যে ঢাকা কলেজ, ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, বিজ্ঞান কলেজসহ কয়েকটি কলেজের কিছু সংখ্যক মেধাবী ছাত্র-ছাত্রীও থাকিতে পারে। কম্পিউটার কেন্দ্রের মধ্যে যথাযথ সমন্বয়ের অভাবই স্থগিত ফলাফল বিষয়ক জটিলতা সৃষ্টির অন্যতম কারণ বলিয়া তিনি জানান।